



Total No. of Printed Pages — 3

CCSME23

350013

PAPER – II / পত্র – II

BENGALI LANGUAGE AND LITERATURE

বাংলা ভাষা এবং সাহিত্য

SUBJECT CODE / বিষয় কোড : 02

Full Marks : 150

Time : 3 Hours

পূর্ণমান : ১৫০

সময় : ৩ ঘণ্টা

নির্দেশ :

প্রশ্ন সংখ্যা (1) ও প্রশ্ন সংখ্যা (5) -এর উত্তর দেওয়া অনিবার্য। অন্য 4 টি প্রশ্ন যথাক্রমে 'অ' ও 'ব' বিভাগ থেকে দিতে হবে।  
এক্ষেত্রে কমপক্ষে 1 টি প্রশ্নের উত্তর একটি বিভাগ থেকে দিতেই হবে।

খণ্ড – 'অ'

1. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

7×5=35

(ক) নব্যভারতীয় আর্থভাষার ক্রমবিকাশের স্তরগুলি আলোচনা কর।

(খ) প্রাচীন ভারতীয় আর্থভাষা থেকে মধ্য ভারতীয় আর্থভাষার রূপান্তর কিভাবে ঘটেছে – তার পরিচয় দাও।

(গ) শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারাগুলি আলোচনা কর।

(ঘ) ভাষা ও উপভাষার পার্থক্য নির্দেশ কর।

(ঙ) বাংলা ভাষার শব্দ ভাণ্ডারের প্রমুখ উপাদানগুলি কি কি? আলোচনা কর।

(চ) সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য সম্বন্ধে আলোচনা কর।

(ছ) উদাহরণসহ সংজ্ঞা লেখ :

অপিনিহিতি, অভিশ্রুতি, নাসিক্যভবন



2. চর্যাপদে তৎকালীন যে সমাজচিত্র প্রতিবিম্বিত হয়েছে, তার পরিচয় সংক্ষেপে দাও। 20
3. তুর্কী বিজয় বাঙালির জীবনে ও সাহিত্যে কি কি প্রভাব বিস্তার করেছিল? 20
4. বাংলা রামায়ণ কাব্যের সর্বাধিক প্রসিদ্ধ কবি ও তাঁর কাব্যের পরিচয় দাও। 20

### খণ্ড – 'ব'

5. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : 7×5=35

- (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর তৃতীয় সর্গের নায়িকার চরিত্র চিত্রণ কর।
- (খ) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' অবলম্বনে মুচিরামের বাবা ও মায়ের পরিচয় দাও।
- (গ) 'অচলায়তন' নাটকের জ্ঞান, কর্ম ও ভক্তি মার্গের মানুষদের পরিচয় দাও।
- (ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে ইন্দ্রনাথের চরিত্র চিত্রণ কর।
- (ঙ) জ্ঞানদাস ও গোবিন্দদাস কবিরাজ কোন্ সময়ের কবি? তাঁদের কাব্য রচনা কোন্ প্রকৃতির – আলোচনা কর।
- (চ) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের পদাবলীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ছ) ভাব সম্প্রসারণ কর :

নদীর এপার কহে ছাড়িয়া নিশ্বাস,  
ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।  
নদীর ওপার বসি দীর্ঘশ্বাস ছাড়ে,  
কহে, যাহা কিছু সুখ সকলি ওপারে ॥



6. শরৎচন্দ্রের উপন্যাসের নারী চরিত্রগুলির বিবরণ দাও। 20
7. “রবীন্দ্রনাথের ছোটগল্পগুলি বাংলা সাহিত্যে এক আশ্চর্য রচনা” — বিশ্লেষণ কর। 20
8. আঞ্চলিক উপন্যাসের দুই স্মরণীয় শিল্পী তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায় - আলোচনা কর। 20

★★★

Prepp  
Your Personal Exam Guide